কেহিবি-১ সার্কুলার নং-০২/২০২২

তারিখ: ২৫.০৫.২০২২

বিষয়: **Internet Banking** সিস্টেম ব্যবহার করে রাকাব, প্রধান কার্যালয়/শাখা/কার্যালয় সমূহের মাসিক ইউটিলিটি বিল (বিদ্যুৎ, পানি ও অন্যান্য বিল) পরিশোধ প্রসঙ্গে।

Internet Banking সিস্টেম ব্যবহার করে রাকাব, প্রধান কার্যালয়/শাখা/কার্যালয় সমূহের মাসিক ইউটিলিটি বিল (বিদ্যুৎ, পানি ও অন্যান্য বিল) পরিশোধ করার লক্ষে সিবিএস সিস্টেমে 113-Current Account for Bank Use নামে একটি পৃথক Product খোলা হয়েছে। উক্ত Product এর আওতায় প্রতিটি শাখা "Utility bill pay through Internet Banking" শিরোনামে একটি হিসাব খুলে উক্ত হিসাব ব্যবহার করে সকল Utility bill পরিশোধ করবে মর্মে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহীর ইউটিলিটি বিল স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রংপুর, সকল জোনাল কার্যালয় ও জোনাল নিরীক্ষা কার্যালয়ের ইউটিলিটি বিলসমূহ জোনের প্রধান শাখার হিসাব ব্যবহার করে পরিশোধ করতে হবে। উক্ত হিসাব খোলা এবং পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী পরিপালন করতে হবে:

১) ইন্টারনেট ব্যাংকিং ব্যবহারের জন্য https://rakub-ebanking.org.bd/ ইউআরএল এ লগইন করতে হবে।
২) সিবিএস সিস্টেমে 113-Current Deposit for Bank Use নামে একটি Product খোলা হয়েছে। এ Product এর আওতায় হিসাব খোলার ক্ষেত্রে NID, Non mandatory থাকবে।
৩) আলোচ্য হিসাব সমূহের মাধ্যমে ইউটিলিটি বিল পরিশোধের ক্ষেত্রে রাকাব কর্তৃক প্রাপ্ত সকল প্রকার কমিশন, চার্জ, কর ও আবগারী শুল্ক অব্যাহতি থাকবে।
৪) প্রতিটি শাখা "Utility bill pay through Internet Banking" নামে একটি হিসাব খুলে উক্ত হিসাব ব্যবহার করে শুধুমাত্র রাকাব এর শাখা/কার্যালয়ের Utility bill পরিশোধ করবে। রাকাব এর শাখা/কার্যালয়/দপ্তরসমূহের ইউটিলিটি বিল ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠান/গ্রাহক/ব্যাংকের কর্মকর্তা/ব্যক্তির কোন প্রকার বিল/চার্জ আলোচ্য হিসাবসমূহের মাধ্যমে পরিশোধ করা যাবে না।
৫) এই হিসাবের মাধ্যমে কোন নগদ লেনদেন (Cash Transaction) করা যাবে না।
৬) প্রতিটি শাখার জন্য বরাদ্দকৃত কর্পোরেট মোবাইল নম্বর এই হিসাব খোলার ক্ষেত্রে ব্যবহার করতে হবে।
৭) উক্ত হিসাব খোলার ক্ষেত্রে শাখা ব্যবস্থাপকের তথ্যাদি ব্যবহার করতে হবে। শাখা ব্যবস্থাপকের বদলীর ক্ষেত্রে এ হিসাবের তথ্য পরিবর্তন করতে হবে।
৮) ইউটিলিটি বিল প্রদানের জন্য ব্যয় খাত ডেবিট করে উক্ত হিসাবে অর্থ স্থানান্তর করতে হবে।
৯) বর্ণিত হিসাবটি System দ্বারা Restricted থাকায় উক্ত হিসাবে স্থিতি রেখে শাখার Day Close করা যাবে না।
১০) যদি বিশেষ কোন কারণে এই হিসাবে টাকা স্থানান্তরের পর বিল পরিশোধ করা সম্ভব না হয় তবে 90100000182-Other Payable খাতে টাকা স্থানান্তর করে Day Close করতে হবে। পরবর্তীতে বিল প্রদানের পূর্বে 90100000182-Other Payable থেকে এ হিসাবে টাকা স্থানান্তর করতে হবে।

০৩। Internet Banking সিস্টেম ব্যবহার করে রাকাব, প্রধান কার্যালয়/শাখা ও অন্যান্য কার্যালয় সমূহের মাসিক ইউটিলিটি বিল (বিদ্যুৎ, পানি ও অন্যান্য বিল) পরিশোধ করার জন্য হিসাবায়ন পদ্ধতি নিম্নে উপস্থাপন করা হলো:

(ক) ইন্টারনেট ব্যাংকিং সিস্টেম এর মাধ্যমে স্থানীয় মুখ্য কার্যালয়ের হিসাব ব্যবহার করে প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহীর বিল প্রদান করার জন্য নিম্নোক্ত ভাউচিং সম্পাদন করতে হবে:

(১) বিদ্যুৎ বিলের ব্যয় খাত ডেবিট করে স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহীতে প্রেরণের জন্য;

ডেবিট		ক্রেডিট	
90400000035- Electricity Bill	টাকা	90200000185 IBT (RAKUB General Account)	টাকা

(২) স্থানীয় মুখ্য কার্যালয় কর্তৃক Utility bill pay through Internet Banking হিসাবে স্থানান্তরের জন্য;

ডেবিট		ক্রেডিট	
90200000185 IBT (RAKUB General Account)	টাকা	শাখার Utility bill pay through Internet Banking হিসাব	টাকা

চলমান পাতা-০২

(৩) স্থানীয় মুখ্য কার্যালয় কর্তৃক Internet Banking ব্যবহার করে বিদ্যুৎ বিল প্রদানের জন্য;

ডেবিট		ক্রেডিট	
শাখার Utility bill pay through Internet Banking হিসাব	টাকা	বিদ্যুৎ সরবরাহকারী কোম্পানীর হিসাব (NESCO এর হিসাব)	টাকা

(খ) ইন্টারনেট ব্যাংকিং সিস্টেম এর মাধ্যমে শাখা সমূহের বিল প্রদানের জন্য নিম্নোক্ত ভাউচিং সম্পাদন করতে হবে:

(১) শাখা কর্তৃক Utility bill pay through Internet Banking হিসাবে স্থানান্তরের জন্য;

ডেবিট		ক্রেডিট	
90400000035- Electricity Bill	টাকা	শাখার Utility bill pay through Internet Banking হিসাব	টাকা

(২) শাখা কর্তৃক Internet Banking ব্যবহার করে বিদ্যুৎ বিল প্রদানের জন্য;

ডেবিট		ক্রেডিট	
শাখার Utility bill pay through Internet Banking হিসাব	টাকা	বিদ্যুৎ সরবরাহকারী কোম্পানীর হিসাব (NESCO/পল্লী বিদ্যুৎ/অন্যান্য এর হিসাব)	টাকা

উপরোক্ত নির্দেশনা পরিপালন করে Internet Banking সিস্টেম এর মাধ্যমে প্রধান কার্যালয়, শাখা ও অন্যান্য কার্যালয়ের ইউটিলিটি বিল পরিশোধ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। এখানে উল্লেখ্য যে, পল্লী বিদ্যুৎ এর সঙ্গে চুক্তির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। চুক্তি সম্পাদন হলে Mobile App & Internet Banking এর মাধ্যমে পল্লী বিদ্যুৎ বিল পরিশোধ করা যাবে।

এতদ্‌বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১/আইসিটি বিভাগ এর সঙ্গে যোগাযোগ করার জন্য বলা হলো।

২৫/০৫/২০২২

(মো: মজনূর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ০২৪৭-৮৬০৫৩২

নং- প্রকা/কেহিবি-১/৫৬(৩)/২০২১-২০২২/১৮৮৬(৪৫০) তারিখ: ২৫.০৫.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
০৯। অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী।
১০। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। **জারীকৃত পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।**
১১। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/ মহানথি।

২৫/০৫/২০২২

(মোঃ আতাউর রহমান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
০২৪৭-৮৬০৫২১/ ৮৬০৫১৬।